রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, ফেব্রুয়ারি ১১, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

**অধিশাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ/০৭ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং ৫২-আইন/২০১৮।**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন 'জাহাজ ভাঙ্গা' শিল্প সেক্টরের, অত:পর উক্ত সেক্টর বলিয়া উল্লিখিত, শ্রমিক ও কর্মচারীগণের জন্য নিম্নে উল্লিখিত শর্তসাপেক্ষে, নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক সুপারিশকৃত, নিম্নের তফসিলে বর্ণিত মজুরীর হারকে, উক্ত সেক্টরের শ্রমিক ও কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরীর হার হিসাবে এতদ্দ্বারা ঘোষণা করিল, যথা :—

**"তফসিল**

**শ্রমিকগণের মাসিক ও দৈনিক মজুরীর হার**

| ক্রমিক নং | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | গ্রুপ | মূল মজুরী (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (মূল মজুরীর ৫০%) (টাকা) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরী (টাকা) | দৈনিক মজুরী (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ১। | দক্ষ/গ্রেড-১ :<br>১। ফোরম্যান;<br>২। শিপ ইনচার্জ;<br>৩। ইলেকট্রিক্যাল ফোরম্যান;<br>৪। সাইড ফোরম্যান। | ওয়ার গ্রুপ, জাহাজ কাটার গ্রুপ, ফিটার গ্রুপ, ইয়ার্ড কাটার গ্রুপ, লোডিং গ্রুপ, আনলোডিং গ্রুপ। | ১৮,৫০০ | ৯,২৫০ | ২,৫০০ | ১,৫০০ | ৩১,৭৫০ | ১,২২৫ |



মূল্য : টাকা ৮.০০

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ২। | দক্ষ/গ্রেড-২ :<br>১। সুপারভাইজার;<br>২। সহকারী ফোরম্যান;<br>৩। উইংস ড্রাইভার;<br>৪। ক্রেন ড্রাইভার/ অপারেটর।<br>৫। ভ্যাকু ড্রাইভার। | ওয়ার গ্রুপ, ইয়ার্ড কাটার গ্রুপ, লোডিং গ্রুপ, আনলোডিং গ্রুপ, কাদা/মাটি গ্রুপ, ফিটার গ্রুপ। | ১৩,৫০০ | ৬,৭৫০ | ২,৫০০ | ১,৫০০ | ২৪,২৫০ | ৯৩৫ |
| ৩। | আধা-দক্ষ/গ্রেড-৩ :<br>১। কাটারম্যান;<br>২। মিস্ত্রি;<br>৩। ফিটারম্যান;<br>৪। মেকানিক;<br>৫। ইলেকট্রিশিয়ান;<br>৬। ওয়্যারম্যান;<br>৭। ওয়েম্যান। | ওয়ার গ্রুপ, জাহাজ কাটার গ্রুপ, ফিটার গ্রুপ, ইয়ার্ড কাটার গ্রুপ, লোডিং গ্রুপ। | ১১,৫০০ | ৫,৭৫০ | ২,৫০০ | ১,৫০০ | ২১,২৫০ | ৮২০ |
| ৪। | অদক্ষ/গ্রেড-৪ :<br>১। হেলপার;<br>২। সাধারণ শ্রমিক;<br>৩। ডাক মাস্টার;<br>৪। কাটার হেলপার<br>৫। উইংস হেলপার;<br>৬। ক্রেন হেলপার;<br>৭। ইলেকট্রিশিয়ান হেলপার;<br>৮। ভ্যাকু হেলপার;<br>৯। মেগনেট হেলপার;<br>১০। লোডার ম্যান। | ওয়ার গ্রুপ, জাহাজ কাটার গ্রুপ, ফিটার গ্রুপ, ইয়ার্ড কাটার গ্রুপ, কাদা/মাটি গ্রুপ, লোডিং গ্রুপ, আনলোডিং গ্রুপ, ক্যারিং গ্রুপ। | ৮,০০০ | ৪,০০০ | ২,৫০০ | ১,৫০০ | ১৬,০০০ | ৬১৫ |
| ৫। | **শিক্ষানবীস শ্রমিকের ক্ষেত্রে :**<br>(ক) শিক্ষানবিসীকাল ৬ (ছয়) মাস;<br>(খ) শিক্ষানবিসীকালে শিক্ষানবীস শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৮,০০০ (আট হাজার) টাকা প্রাপ্ত হইবেন; এবং<br>(গ) শিক্ষানবিসীকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবীস শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | | | |

## কর্মচারীগণের মাসিক ও দৈনিক মজুরীর হার

| ক্রমিক নং | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | মূল মজুরী (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (মূল মজুরীর ৫০%) (টাকা) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরী (টাকা) | দৈনিক মজুরী (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | গ্রেড-১ :<br>ম্যানেজার<br>(প্রশাসনিক বা ব্যবস্থাপনা সংক্রান্ত কোনো ক্ষমতা ছাড়া)। | ৩০,০০০ | ১৫,০০০ | ২,৫০০ | ১,৫০০ | ৪৯,০০০ | ১,৮৮৫ |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| ২। | গ্রেড-২ :<br>সহকারি ম্যানেজার (প্রশাসনিক বা ব্যবস্থাপনা সংক্রান্ত কোনো ক্ষমতা ছাড়া)। | ২৫,০০০ | ১২,৫০০ | ২,৫০০ | ১,৫০০ | ৪১,৫০০ | ১,৬০০ |
| ৩। | গ্রেড-৩ :<br>১। হিসাব রক্ষক;<br>২। সেইফটি অফিসার। | ২০,০০০ | ১০,০০০ | ২,৫০০ | ১,৫০০ | ৩৪,০০০ | ১,৩১০ |
| ৪। | গ্রেড-৪ :<br>১। সহকারি হিসাব রক্ষক;<br>২। ক্যাশিয়ার;<br>৩। সিকিউরিটি অফিসার। | ১৮,০০০ | ৯,০০০ | ২,৫০০ | ১,৫০০ | ৩১,০০০ | ১,১৯৫ |
| ৫। | গ্রেড-৫ :<br>১। স্কেলম্যান;<br>২। অফিস সহকারী;<br>৩। হিসাব সহকারী। | ১৪,০০০ | ৭,০০০ | ২,৫০০ | ১,৫০০ | ২৫,০০০ | ৯৬৫ |
| ৬। | গ্রেড-৬ :<br>১। পেশ ইমাম;<br>২। বাবুর্চি;<br>৩। ড্রাইভার। | ১১,০০০ | ৫,৫০০ | ২,৫০০ | ১,৫০০ | ২০,৫০০ | ৭৯০ |
| ৭। | গ্রেড-৭ :<br>১। এমএলএসএস (পিয়ন);<br>২। সিকিউরিটি গার্ড। | ৭,৪০০ | ৩,৭০০ | ২,৫০০ | ১,৫০০ | ১৫,১০০ | ৫৮০ |
| ৮। | **শিক্ষানবিস কর্মচারীর ক্ষেত্রে :**<br>(ক) শিক্ষানবিসীকাল ৬ (ছয়) মাস;<br>(খ) শিক্ষানবিসীকালে শিক্ষানবীস কর্মচারী মাসিক সর্বসাকুল্যে ৭,৪০০ (সাত হাজার চারশত) টাকা প্রাপ্ত হইবেন; এবং<br>(গ) শিক্ষানবিসীকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবীস কর্মচারী সংশ্লিষ্ট গ্রেডের কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | | |

## শর্তাবলী

১। তফসিলে উল্লিখিত পদের অতিরিক্ত কোন পদ উক্ত সেক্টরে সংযোজিত হইলে উহা যথাযথ শ্রেণি/গ্রেডে অন্তর্ভুক্ত হইবে;

২। এই মজুরী হার সমগ্র বাংলাদেশে উক্ত সেক্টরের জন্য প্রযোজ্য হইবে;

৩। তফসিলে উল্লিখিত শ্রমিক বর্তমানে যে গ্রেডে কর্মরত রহিয়াছেন সেই গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া তাহার মজুরী নির্ধারণ করিতে হইবে;

৪। কোনো শ্রমিকের বর্তমানে প্রাপ্ত মজুরীর সহিত এই প্রজ্ঞাপনে উল্লিখিত মজুরী যোগ করিয়া নূতনভাবে মজুরী নির্ধারণ করিতে হইবে;

৫। এই প্রজ্ঞাপন জারীর সঙ্গে সঙ্গে উক্ত সেক্টরের মালিকগণ তফসিলে উল্লিখিত পদবিন্যাসে ও শ্রেণি বিভাগ অনুযায়ী শ্রমিক ও কর্মচারীগণকে যথাযথ গ্রেডে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিস্টারভুক্ত করত মজুরী স্লিপ প্রদান করিবে;

৬। কোনো শ্রমিক বা কর্মচারীকে তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরী অপেক্ষা কম মজুরী প্রদান করা যাইবে না;

৭। উক্ত সেক্টরের কোনো শ্রমিক বা কর্মচারীকে এই প্রজ্ঞাপন অনুযায়ী নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা অধিক হারে মজুরী প্রদান করা হইলে উহা কোনোক্রমেই হ্রাস করা যাইবে না;

৮। উক্ত সেক্টরের শ্রমিক বা কর্মচারীগণ এবং নিয়োগকর্তা বা মালিকপক্ষের মধ্যে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিক বা কর্মচারীকে এই প্রজ্ঞাপন অনুযায়ী নির্ধারিত হারের অধিক হারে মজুরী নির্ধারণ ও প্রদান করা যাইবে;

৯। কোনো শ্রমিক ঠিকাদারের মাধ্যমে উক্ত সেক্টরে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইলে তিনিও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫) অনুযায়ী "শ্রমিক" হিসাবে গণ্য হইবেন। কোনো ঠিকাদার কোনো শ্রমিককে নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কোনক্রমেই কম মজুরী প্রদান করিতে পারিবেন না। উক্ত সেক্টরে কোনো শ্রমিকের ঠিকাদারের নিকট হইতে প্রাপ্য মজুরী প্রাপ্তির ক্ষেত্রে কোনো সমস্যার সম্মুখীন হইলে তাহার দায়দায়িত্ব সম্পূর্ণভাবে সংশ্লিষ্ট মালিকের উপর বর্তাইবে;

১০। উক্ত সেক্টরে শ্রমিক সরবরাহ বা নিয়োগের জন্য নিয়োজিত ঠিকাদার বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১ এর বিধান অনুযায়ী উক্ত সেক্টরের মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন;

১১। উক্ত সেক্টরের মালিক যদি কোনো শ্রমিককে ফুরন ভিত্তিক (Piece Rate) মজুরী প্রদান করিয়া থাকেন তাহা হইলে এই প্রজ্ঞাপন জারীর সঙ্গে সঙ্গে উক্ত শ্রমিককে নির্দিষ্ট গ্রেডভুক্ত করিয়া নির্ধারিত নিম্নতম মজুরী প্রদান করিতে হইবে;

১২। নির্ধারিত নিম্নতম মজুরী ও ভাতাদি ছাড়াও যদি উক্ত সেক্টরের কোনো শ্রমিক ও কর্মচারী অব্যাহতভাবে কোনো অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা পাইয়া থাকেন তাহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(১০), ধারা ১০৮ এবং ধারা ৩৩৬ এর বিধান মোতাবেক ধারাবাহিকভাবে বলবৎ, অব্যাহত থাকিবে;

১৩। উক্ত সেক্টরের শ্রমিকগণ এই প্রজ্ঞাপন গেজেটে প্রকাশের তারিখ হইতে প্রতি বৎসর মূল মজুরীর ৫% (শতকরা পাঁচ ভাগ হারে) বার্ষিক মজুরি বৃদ্ধির সুবিধা পাইবেন এবং সংশ্লিষ্ট মালিক উহা প্রদান করিতে বাধ্য থাকিবেন;

১৪। উক্ত সেক্টরে নিযুক্ত শ্রমিক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সংশ্লিষ্ট বিধান অনুযায়ী অন্যান্য ভাতা ও সুবিধাদি প্রাপ্য হইবেন;

১৫। উক্ত সেক্টরের মালিকগণ যদি শ্রমিকগণের পরিবারের জন্য আবাসন সুবিধা প্রদান করিয়া থাকেন তাহা হইলে সেইক্ষেত্রে উক্ত আবাসন সুবিধা গ্রহণকারী শ্রমিকগণের জন্য বাড়ী ভাড়া ভাতা প্রযোজ্য হইবে না; এবং

১৬। উপরোক্ত শর্তাবলীর কোন অংশ প্রচলিত কোন আইন বা বিধিমালার সহিত সাংঘর্ষিক হইলে, উক্ত অংশ বাতিল বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ.টি.এম সাইফুল ইসলাম**
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd